



বাংলাদেশ ব্যাংক

প্রধান কার্যালয়
মতিঝিল, ঢাকা-১০০০



ব্যাংকার্স সিলেকশন কমিটি সচিবালয়

বিজ্ঞপ্তি নং- ১০৩/২০২১

তারিখ : ২৮ ভাদ্র ১৪২৮
১২ সেপ্টেম্বর ২০২১

ব্যাংকার্স সিলেকশন কমিটির সদস্যভুক্ত ৫টি ব্যাংকে একক পরীক্ষার মাধ্যমে 'অফিসার (ক্যাশ)' পদে ২০১৯ সাল ভিত্তিক নিয়োগের উদ্দেশ্যে প্রার্থীদের MCQ Test, লিখিত এবং মৌখিক পরীক্ষায় অংশগ্রহণের জন্য প্রবেশপত্র ডাউনলোড প্রসঙ্গে।

ব্যাংকার্স সিলেকশন কমিটির তত্ত্বাবধানে ৫টি ব্যাংকে (সোনালী ব্যাংক লি:, জনতা ব্যাংক লি:, অগ্রণী ব্যাংক লি:, রূপালী ব্যাংক লি: ও বিডিবিএল) সাধারণ নিয়োগ নীতিমালার আওতায় ২০১৯ সাল ভিত্তিক 'অফিসার (ক্যাশ)' পদে সরাসরি নিয়োগের উদ্দেশ্যে বিগত ৩১/০১/২০২১ তারিখে প্রকাশিত বিজ্ঞপ্তি নং- ১৬/২০২১ এর প্রেক্ষিতে প্রার্থীদের MCQ Test, লিখিত এবং মৌখিক পরীক্ষায় অংশগ্রহণের জন্য অনলাইনে আবেদনকারী প্রার্থীদের মধ্য হতে প্রাথমিকভাবে যোগ্য বিবেচিত প্রার্থীদের প্রবেশপত্র বাংলাদেশ ব্যাংকের ওয়েবসাইটে (<http://erecruitment.bb.org.bd>) আপলোড করা হয়েছে।

পরীক্ষায় অংশগ্রহণে আগ্রহী প্রার্থীদের আগামী ১৩/০৯/২০২১ তারিখ হতে ২৭/০৯/২০২১ তারিখের মধ্যে শুধুমাত্র বাংলাদেশ ব্যাংকের ওয়েবসাইট হতে প্রবেশপত্র সংগ্রহের জন্য পরামর্শ দেয়া যাচ্ছে। পরীক্ষার তারিখ, সময় এবং পরীক্ষা কেন্দ্রের নাম ও ঠিকানা পরবর্তীতে বাংলাদেশ ব্যাংক ও সংশ্লিষ্ট ব্যাংকের ওয়েবসাইট এবং জাতীয় দৈনিকের মাধ্যমে প্রকাশ করা হবে।

উল্লেখ্য, নির্ধারিত তারিখের পরে কোনো অবস্থাতেই প্রার্থীদের প্রবেশপত্র সংগ্রহের সুযোগ থাকবে না।

স্বাক্ষরিত/-

(মোঃ আজিজুল হক)

মহাব্যবস্থাপক, বিএসসিএস

ও

সদস্য-সচিব, বিএসসি